

বন্যাদুর্গত ৫০ হাজার পরিবারকে ১০ কোটি টাকা দেবে ব্র্যাক

সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ৫০ হাজার পরিবারকে ১০ কোটি টাকার আর্থিক সহায়তা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ব্র্যাক। প্রতিটি পরিবার দুই হাজার টাকা করে সহায়তা পাবে।

জামালপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, সিরাজগঞ্জ, গাইবান্ধা ও সুনামগঞ্জ জেলার সবচেয়ে ক্ষতিগ্রস্ত ১৫টি উপজেলায় এই সহায়তা দেওয়া হবে। পরিবারগুলোর কাছে এই টাকা পাঠানো হবে বিকাশের মাধ্যমে।

ব্র্যাকের নির্বাহী পরিচালক আসিফ সালেহ্ বলেন, যে কোনো প্রাকৃতিক দুর্যোগেই অসহায় মানুষের পাশে দাঁড়ায় ব্র্যাক। ঘূর্ণিঝড় আইলা, মহাসেন, আম্পানের সময়েও ব্র্যাকের কর্মীরা দুর্গত এলাকাগুলোতে নিরলসভাবে সেবা দিয়েছেন। এই ভয়াবহ বন্যা পরিস্থিতিতেও আমরা আর্থিক সহায়তা দেব, যাতে দুর্গত মানুষেরা তাদের জরুরি প্রয়োজন মেটাতে পারেন।

তিনি আরও বলেন, এই বিপন্ন পরিবারগুলোর পাশে দাঁড়াতে আমরা সহানুভূতিশীল ব্যক্তি ও প্রতিষ্ঠানের প্রতি আহ্বান জানাচ্ছি। আরো বেশি সংখ্যক পরিবারের কাছে সহায়তা পৌঁছানোর লক্ষ্যে তহবিল সংগ্রহের জন্য একটি উদ্যোগও গ্রহণ করেছে ব্র্যাক। যার বিস্তারিত পাওয়া যাবে ব্র্যাকের ওয়েবসাইটে।

এ পর্যন্ত ৩১ জেলার ৪৭ লাখ মানুষ বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছেন যার মধ্যে জামালপুর জেলার সবচেয়ে বেশি এলাকা বন্যায় তলিয়ে গেছে। বন্যার পানিতে ডুবে ৪১ জনের প্রাণহানি ঘটেছে। পানিতে তলিয়ে গেছে প্রায় দশ লাখ বাড়ি। প্রায় ৯০ হাজার মানুষ ৭৬ হাজার গবাদিপশু নিয়ে আশ্রয়কেন্দ্রগুলোতে ঠাই নিয়েছেন।

উল্লেখ্য, এবারের বন্যার শুরু থেকেই ব্র্যাক বিভিন্ন সহায়তা কর্মসূচি চালিয়ে যাচ্ছে। বন্যাদুর্গত প্রত্যন্ত এলাকাগুলোতে চারটি কমিউনিটি রেডিও, সামাজিক যোগাযোগমাধ্যম ও নিজস্ব কর্মীবাহিনীর দ্বারা আগাম সতর্কতামূলক প্রচারণা চালানো হয়েছে। জামালপুরের ইসলামপুর ও দেওয়ানগঞ্জ উপজেলায় চরম ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর মাঝে শুকনো খাবার ও ওরস্যালাইনের প্যাকেট বিতরণ করা হয়েছে। নওগাঁ জেলার পোশা উপজেলায় আশ্রয়কেন্দ্রগুলোর পাশে স্বাস্থ্যসম্মত টয়লেট স্থাপন করেছে ব্র্যাক। এ ছাড়া গ্রেটা খুনবার্গ ফাউন্ডেশন থেকে প্রাপ্ত তহবিল থেকে কুড়িগ্রামে মারাটুক ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর মাঝে সহায়তা দেওয়া হয়েছে।

ধন্যবাদসহ

মাহবুবুল আলম কবীর

সিনিয়র মিডিয়া ম্যানেজার, ব্র্যাক

মোবাইল : ০১৭১১৪০৪৫৬১

BRAC

BRAC Centre
75 Mohakhali
Dhaka 1212
Bangladesh

T: +88 02 9881265
F: +88 02 8823542
E: info@brac.net
W: www.brac.net

Registered in
Bangladesh under
The Societies
Registration Act of 1860